যুগান্তর

তারিখ ৭/জুন/০৩
পৃষ্ঠা

# বেআইনি পদোন্নতি নেয়ায় ১৩১ শিক্ষককে হাইকোর্টের রুল

যুগান্তর রিপোর্ট

সারাদেশের বিভিন্ন মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত ১৩১ জন সহযোগী ও সহকারী অধ্যাপকের পদোন্নতি কেন অবৈধ ও বেআইনি ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি মির্জা হোসাইন হায়দার ও বিচারপতি মুহাম্মদ মুরশীদ আলম সরকারের সমন্বয়ে গঠিত দ্বৈত বেঞ্চ সোমবার এ রুল জারি করেন। আগামী দুই সপ্তাহের মধ্যে পাবলিক সার্ভিস কমিশনের (পিএসসি) চেয়ারম্যান, স্বাস্থ্য সচিব, মন্ত্রিপরিষদ সচিব, সংস্থাপন সচিব, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালকসহ সংশ্লিষ্টদের এ রুলের জবাব দিতে বলা হয়েছে।

৩০ মার্চ এসব সহযোগী ও সহকারী অধ্যাপকদের পদোন্নতি দেয়া হয়েছে। এ পদোন্নতির ক্ষেত্রে আইনি প্রক্রিয়া ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ না করায় রাজশাহী মেডিকেল কলেজের সহযোগী অধ্যাপক (চলতি দায়িত্বে) আবদুল মতিনসহ ১৫ জন হাইকোর্টে রিট করেন। তাদের পক্ষে রিট আবেদনটি শুনানি করেন ব্যারিস্টার বদরুদ্দোজা বাদল এবং রাষ্ট্রপক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল আল আমিন সরকার।

ব্যারিস্টার বদরুদ্দোজা বাদল বলেছেন, যাদের পদোন্নতি দেয়া হয়েছে তাদের পদোন্নতি পাওয়ার কোনো যোগ্যতা নেই। তারপরও আইন সংশোধন করে একটি এসআরও জারির মাধ্যমে বিশেষ উদ্দেশে তাদের পদোন্নতি দেয়া হয়েছে।